আগামী বছরও দেশের অর্থনীতি ভালো যাবে : অর্থমন্ত্রী

চেম্বার ডেস্ক:: করোনার মধ্যে এবছর আমাদের প্রতিটা সূচক ভালো অবস্থানে আছে, আগামী বছরও বাংলাদেশের অর্থনীতি ভালো যাবে বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।

আজ বুধবার (৩০ ডিসেম্বর) অনলাইনে সিঙ্গাপুরে অবস্থানরত অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন।

সবাইকে ইংরেজি নতুন বর্ষের শুভেচ্ছা জানিয়ে অর্থমন্ত্রী বলেন, আজকের বৈঠকে অর্থনৈতিক সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে একটি প্রস্তাব ছিল। আর ক্রয় সংক্রান্ত কমিটিতে প্রস্তাব ছিল আটটি।

করোনার জন্য আমাদের এই বছরটি চ্যালেঞ্জিং ছিল। আগামী বছর অর্থনীতির জন্য কেমন হবে জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, আমরা সব সময় ভালোটাই প্রত্যাশা করি। আপনারা সবাই ভালো করে জানেন ২০২০ সালের জন্য বিশ্ব ব্যাংক ও আইএমএফ প্রক্ষেপণ করেছে সারা বিশ্বের অর্থনীতি গতবছরের তুলনায় চার শতাংশ কম হবে। আর এশিয়ার দেশগুলোর জন্য তারা বলেছেন ১ দশমিক ৭ শতাংশ কম হবে। এতে উন্নত দেশগুলোতে সাফারিংটা বেশি হবে।

‘আমি মনে করি আমাদের এখনও করোনা শেষ হয়নি। করোনা শুরু হওয়ার পড় থেকে আমরা যেভাবে মোকাবিলা করেছি। আমরা মোটামুটি বা তুলনামূলকভাবে একটা অবস্থানে আছি। তাই আমরা একইভাবে মনে করবো আমাদের অর্থনীতিও আগামী বছরও ভালো যাবে। ’

তিনি বলেন, আমাদের অর্থনীতির প্রতিটা সূচকেই আমরা ভালো অবস্থানে আছি ও সবক্ষেত্রেই আমাদের অগ্রগতি আছে। যেহেতু আমরা ভালো অবস্থানে আছি সেহেতু আমাদের আগামী বছরও ইনশাআল্লাহ ভালো যাবে।